গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.২৫.০২২.১৬(ন-২২,পার্ট-৩)/ ১০৫                                   তারিখ ঃ ০৯/০২/২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি,এসসি ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস) কোর্সে শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।**

সূত্র ঃ স্মারক নং-টিটিটিসি/একা/১২, তারিখ : ০২/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বি,এসসি ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস) কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ভর্তি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী অনুসরণ করে আগামী ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

২। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত ঃ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ০১ কপি।

০৯/০২/১৭

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক-১
ফোন ঃ ০২-৮১৮১২২৯

বিতরণ ঃ

| | |
|---|---|
| ১-৫। | পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৬। | অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮। |
| ৭-৯। | অধ্যক্ষ, সিলেট/ফরিদপুর/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ। |
| ১০-৫৫। | অধ্যক্ষ, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/খুলনা/কুমিল্লা/বরিশাল/পাবনা/কুষ্টিয়া/যশোর/দিনাজপুর/ফেনী/বগুড়া/রংপুর/ সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/বি, এস, কাপ্তাই/টাংগাইল/পটুয়াখালী/ঢাকা মহিলা/রাজশাহী মহিলা/খুলনা মহিলা/চট্টগ্রাম মহিলা/চাঁদপুর/ মুন্সীগঞ্জ/ গোপালগঞ্জ/শেরপুর/নরসিংদী/সিরাজগঞ্জ/ কুড়িগ্রাম/নওগাঁ/ঠাকুরগাঁও/ ভোলা/বরগুনা/লক্ষীপুর/বি-বাড়ীয়া/হবিগঞ্জ/ ঝিনাইদহ/ কক্সবাজার/সাতক্ষীরা/শরীয়তপুর/কিশোরগঞ্জ/ মৌলভীবাজার/ মাগুরা/ চাপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট। |
| ৫৬-৫৮। | অধ্যক্ষ, বাংলাদেশ ইনষ্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনষ্টিটিউট, রামমালা, কুমিল্লা। |
| ৫৯। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ জানানো হলো)। |
| ৬০। | মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। |
| ৬১। | সংশ্লিষ্ট নথি। |

D:\Mukter com-1\Dip in tech & Bsc in tech admission_office order.docx

৭২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ওয়েব সাইট-www.tttc.edu.bd

স্মারক নং-টিটিটিসি/বি,এসসি/একা/১১ তারিখঃ ০২/০২/২০১৭ ইং।

## প্রথম বর্ষ বি,এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস ও প্রি-সার্ভিস) কোর্সে

## ভর্তি বিজ্ঞপ্তি

## (সেশনঃ ২০১৬-২০১৭)

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২ (দুই) বৎসর মেয়াদী বি,এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) কোর্সে (ইন-সার্ভিস ও প্রি-সার্ভিস) প্রথম বর্ষে প্রশিক্ষনার্থী ভর্তির জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল টেকনোলজীতে "ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন" সনদ প্রাপ্ত অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ইতোপূর্বে যারা উক্ত কোর্সে ভর্তির জন্য আবেদন করে ভর্তি হওয়ার সুযোগ পায় নাই তারাও আবেদন করতে পারবে।

১। ভর্তি ইচ্ছুক প্রার্থী নিম্নস্বাক্ষরকারীর অফিসে ৩০০ (তিন শত) টাকা জমা দিয়ে ০৪/০২/২০১৭ইং তারিখ থেকে ২০/০২/২০১৭ ইং তারিখ পযর্ন্ত (সকাল ৯:৩০ ঘটিকা হতে বেলা ৪:০০ ঘটিকা ) ফরম সংগ্রহ করতে পারবে। নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ পূর্বক এস,এসসি, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশনের সার্টিফিকেট ও মার্কসীটের সত্যায়িত অনুলিপি, ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চারিত্রিক সার্টিফিকেটসহ আগামী ২৩/০২/২০১৭ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

২। আবেদনকারীদের মধ্য থেকে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষনার্থী নির্বাচন করা হবে।

৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। পূর্ণকালীন এই কোর্সে অধ্যয়নকালে অন্য কোন কোর্সে অধ্যয়ন বা চাকুরী করা যাবে না।

৫। চাকুরীরত প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র জমা দিতে হবে।

৬। ভর্তির সময়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশনের মূল সনদপত্র দেখাতে হবে এবং রেজিস্ট্রেশনের জন্য দুই কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

৭। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য বাছাইকৃত প্রার্থীদের নামের তালিকা কলেজের নোটিশ বোর্ডে ২৫/০২/২০১৭ইং তারিখ দেওয়া হবে। ২৬/০২/২০১৭ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এবং ২৭/০২/২০১৭ইং তারিখ চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের তালিকা নোটিশ বোর্ডে দেওয়া হবে এবং ঐ দিন হতে ভর্তি শুরু হয়ে ০৬/০৩/১৭ইং তারিখ পযর্ন্ত চলবে। প্রতিদিন সকাল ৯:৩০ ঘটিকা হতে বেলা ৪:০০ ঘটিকা পর্যন্ত ভর্তি করা হবে। এ ব্যাপারে আলাদাভাবে কোন চিঠি দেয়া হবে না। প্রার্থীকে নিজ দায়িত্বে নোটিশ বোর্ড দেখে নিতে হবে।

৮ **১১/০৩/২০১৭ইং তারিখ হতে ক্লাশ শুরু হবে।**

৯। ভর্তির সময় ১ম বর্ষের জন্য নির্ধারিত ৬,৯৪৫/= (ছয় হাজার নয় শত পয়তাল্লিশ ) টাকা ফি জমা দিতে হবে, তবে টাকার এই পরিমান কম/বেশী হতে পারে। ফি এবং ভর্তি সংক্রান্ত অন্য কোন তথ্য কলেজ অফিস থেকে জানা যাবে।

১০। উল্লিখিত বিষয়ের আওতায় পড়েনা এমন সব বিষয়ে এবং ভর্তি সংক্রান্ত নিয়ম কানুন ও নীতিমালার ব্যাপারে বিতর্কিত প্রশ্নে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২/০২/১৭

(ড. প্রকৌঃ মোঃ রমজান আলী )
অধ্যক্ষ (অতিঃ দায়িত্ব)
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ
তেজগাঁও, ঢাকা-১২০৮
ফোন ঃ ৯১১৪০৭৩, ৮১১৯৯২০ (ফ্যাক্স)

E/ Ac/bangle/ttt/Bsc 2013-14

02/02/17